52

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06. 4. 3.1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ৩ ...

## নবম-দশম শ্রেণীর ইংরেজী বইতে বিভ্রান্তি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ১৯৯৯ সনের নবম-দশম শ্রেণীর জন্য 'ইংলিশ ফর টু-ডে-বুক সেভেন'-এ 'অ্যান ইন্‌কন্‌সিডারেট নেইবারঃ পার্ট ওয়ান (অধ্যায় ৫৫, পৃষ্ঠা ১৬২) -এ উল্লেখ আছে, 'তিনি (জনাব হাকিম) বিপত্নীক' (তৃতীয়/ চতুর্থ লাইন)। কিন্তু একই গল্পের জের হিসাবে (অধ্যায় ৫৬, পৃষ্ঠা ১৬৬) পরবর্তী গল্পে উল্লেখ করা হইয়াছেঃ 'জনাব হাকিমের. স্ত্রী ইতিমধ্যেই ঘুমাইতে গিয়েছেন; কারণ তাঁহার স্বামীর মত তিনিও সকাল সকাল কাজ সারেন।' ইহা কি বিভ্রান্তিমূলক নয়? পাঠ্যসূচীতে 'ট্রু' (সত্য)/ ফল্‌স্‌ '(মিথ্যা)' প্রশ্নের ধরন রহিয়াছে। সুতরাং যে কোন সময় ছাত্র-ছাত্রীরা দ্বিধা-দ্বন্দ্বে পড়িতে পারে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

অবনী মোহন সরকার,
পালপাড়া,নাটোর।